

ড্রামসীডার ব্যবহার পদ্ধতি

জমি তৈরি

- ▶ জমিকে ভালভাবে চাষ ও মই দিয়ে জমির আগাছা ও অন্যান্য আবর্জনা মাটিতে পচিয়ে নিতে হবে।
- ▶ নিচু বিল এলাকায় কার্তিক-অগ্রহায়ণ (নভেম্বর) মাসে পানি নেমে যাবার পর আবর্জনা ও খড়কুটো সরিয়ে এবং মই দিয়ে বিনাচাষেও সরাসরি বীজ বপন করা যায়। এতেও ভাল ফলন পাওয়া যাচ্ছে।
- ▶ জমিকে ভালভাবে সমতল করতে হবে। জমিতে অঙ্কুরিত বীজ বপনের সময় কোন দাঁড়ানো পানি রাখা যাবে না।



জমি তৈরি



অঙ্কুরিত বীজ

বীজ প্রস্তুত করা

ভাল বীজ ব্যবহার করতে হবে এবং ভাল অঙ্কুর গজানোর জন্য প্রথমে ২৪ ঘণ্টা পানিতে ডুবিয়ে ভিজিয়ে রাখতে হবে এবং পরে প্রয়োজন অনুযায়ী জাগ দিতে হবে।



ড্রামে অঙ্কুরিত বীজ ভর্তিকরণ

ড্রামে বীজ ভর্তি ও বপন

- ▶ ড্রামের দুই-তৃতীয়াংশ অঙ্কুরিত বীজ দ্বারা পূর্ণ করতে হবে।
- ▶ ড্রামে ভর্তি করার পূর্বে অঙ্কুরিত বীজ ছায়াযুক্ত স্থানে প্রায় ২ ঘণ্টা শুকিয়ে নিতে হবে। এতে ড্রামের ছিদ্র দিয়ে বীজগুলো সমহারে পড়বে।
- ▶ ছয়টি ড্রামে বীজ ভরে ড্রামসীডার যন্ত্রটি দিয়ে একসাথে ১২ লাইনে বীজ বপন করা যায়।

পানি ও সার ব্যবহার

- ▶ বপনের প্রাথমিক অবস্থায় মাটিতে দাঁড়ানো পানির প্রয়োজন নেই। মাটি রসালো অবস্থায় রাখতে হবে এবং ক্রমান্বয়ে চারার বৃদ্ধির সাথে সেচের পরিমাণ বাড়তে হবে।
- ▶ অনুমোদিত মাত্রায় সার ব্যবহার করতে হবে। নাইট্রোজেন সার ব্যবহারের ক্ষেত্রে এলসিসি ব্যবহার করা যেতে পারে।

সতর্কতা

- ▶ বপনের ২৪ ঘণ্টার মধ্যে ভারী বৃষ্টি হলে বীজ এলোমেলো হয়ে যেতে পারে।
- ▶ জমি অসমতল হলে কিংবা ক্ষেতে পানি জমে থাকলে অঙ্কুর পচে যেতে পারে।
- ▶ যথাযথ অঙ্কুরোদগম না হলে বীজ বেশী লাগে এবং চারা সমভাবে গজায় না।
- ▶ যে জমিতে বেশী আগাছা জন্মে সেখানে আগাছানাশক ব্যবহার করা জরুরি।
- ▶ বপনের পরে প্রথম ৭ দিন পাখি ও হাঁস-মুরগির উপদ্রব হতে পারে।
- ▶ আমন মৌসুমে জমি তৈরির দিন এবং বোরো মৌসুমে জমি তৈরির পরের দিন বীজ বপন করা উত্তম।
- ▶ আমন মৌসুমে মাঝারী উচু জমিতে বৃষ্টি এড়িয়ে বীজ ফেলতে হবে।